# জনতা ব্যাংক ত্রৈমাসিক বুলেটিন

১২শ বর্ষ | ৩য় ও ৪র্থ সংখ্যা | ডিসেম্বর ২০২৫



## সম্পাদনা পরিষদ

**প্রধান উপদেষ্টা**
মুহঃ ফজলুর রহমান
চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ
জনতা ব্যাংক পিএলসি.

**উপদেষ্টামণ্ডলী**
**পরিচালকবৃন্দ**
বদরে মুনির ফেরদৌস, ড. মোঃ আব্দুস সবুর,
আব্দুল মজিদ শেখ, আব্দুল আউয়াল সরকার,
ড. মোঃ শাহাদাৎ হোসেন, মোঃ আহসান কবীর,
মোঃ কাউসার আলম, এফসিএস, এফসিএমএ, এফসিসিএ, এসিএ,
মোঃ ওবায়দুল হক ও ড. এ. এ. মাহবুব উদ্দিন চৌধুরী

**প্রধান সম্পাদক**
মোঃ মজিবর রহমান
ব্যবস্থাপনা পরিচালক

**সম্পাদকমণ্ডলী**
**উপব্যবস্থাপনা পরিচালকবৃন্দ**
কাজী আব্দুর রহমান, মোঃ ফয়েজ আলম

**নির্বাহী সম্পাদক**
মোহাম্মদ আনিস
মহাব্যবস্থাপক
রিসার্চ অ্যান্ড প্ল্যানিং ডিভিশন

**সহযোগী সম্পাদকবৃন্দ**
কাজী রইস উদ্দিন আহমেদ, ডিজিএম
হাবিবুর রহমান, এসও(আইটি)
রিসার্চ, প্ল্যানিং অ্যান্ড স্ট্যাটিসটিকস ডিপার্টমেন্ট


## সম্পাদকীয়

সবাইকে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের শুভেচ্ছা।

দেশের আর্থিক খাতের চ্যালেঞ্জপূর্ণ পরিস্থিতিতে জনতা ব্যাংকের সুযোগ্য পরিচালনা পর্ষদ, দক্ষ নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীগণের নিরলস প্রচেষ্টা এবং সম্মানিত গ্রাহকদের অবিচল আস্থা ও সমর্থনের ফলে জনতা ব্যাংক ১ লক্ষ ২৫ হাজার কোটি টাকা আমানতের মাইলফলক অর্জন করেছে।

জনতা ব্যাংক পিএলসি. উন্নত গ্রাহকসেবা প্রদানের লক্ষ্যে বিকাশ ওয়ালেট থেকে এ ব্যাংকের হিসাবে অ্যাড মানি, বিকাশের মাধ্যমে ফরেন রেমিট্যান্স পরিশোধ, টাকা পে কার্ড, ই-ক্রেডিট ম্যানেজমেন্ট সিস্টেম, গ্রিনপিন সার্ভিসসহ গ্রাহকবান্ধব আধুনিক ব্যাংকিং সেবা চালু করেছে।

এই মুহূর্তে খেলাপি ঋণ আদায়ের পাশাপাশি লো কস্ট ও নো কস্ট আমানত বৃদ্ধির কোন বিকল্প নেই। ব্যাংকের এ সমস্যা সমাধানকল্পে বিজ্ঞ পরিচালনা পর্ষদের সময়োপযোগী সিদ্ধান্ত, ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সঠিক দিক নির্দেশনা এবং বিশাল কর্মীবাহিনীর অক্লান্ত চেষ্টায় সকল প্রতিবন্ধকতা দূর করে টেকসই উন্নয়নের পথে জনতা ব্যাংক এগিয়ে যাবে এমনটাই সবার প্রত্যাশা।

জনতা ব্যাংক পিএলসির সকল কর্মপ্রচেষ্টা সফল হোক।


জনতা ব্যাংক পিএলসি.
উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার


### মহান বিজয় দিবস ২০২৫ উদ্‌যাপন
## শহীদদের প্রতি জনতা ব্যাংক পিএলসির বিনম্র শ্রদ্ধা

মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে জনতা ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবর রহমানের নেতৃত্বে সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এর আগে সকালে ব্যাংকের প্রধান কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এ সময় ব্যাংকের পরিচালক ড. মোঃ আব্দুস সবুর, আব্দুল মজিদ শেখ, আব্দুল আউয়াল সরকার ও মোঃ ওবায়দুল হকসহ ঊর্ধ্বতন নির্বাহীবৃন্দ, জাতীয়তাবাদী অফিসার সংগঠনের নেতৃবৃন্দ, জাতীয়তাবাদী কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ এবং সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## জনতা ব্যাংকের ১ লক্ষ ২৫ হাজার কোটি টাকা আমানতের মাইলফলক অর্জন

রাষ্ট্রমালিকানাধীন জনতা ব্যাংক পিএলসির মোট আমানত ১ লক্ষ ২৫ হাজার কোটি টাকা অতিক্রম করেছে। এই গৌরবময় অর্জনকে স্মরণীয় করে রাখতে ৯ সেপ্টেম্বর ২০২৫ তারিখে ব্যাংকের প্রধান কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে ব্যাংকের চেয়ারম্যান মুহঃ ফজলুর রহমান এবং ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবর রহমান ঊর্ধ্বতন নির্বাহী ও কর্মকর্তাদের সাথে কেক কেটে আনন্দ উদ্‌যাপন করেন। অনুষ্ঠানে ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক মোঃ গোলাম মরতুজা, মোঃ ফয়েজ আলম, মোঃ নজরুল ইসলাম ও মোঃ আশরাফুল আলমসহ প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপকবৃন্দ উপস্থিত ছিলেন। একইসাথে অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে ব্যাংকের বিভাগীয় কার্যালয়ের মহাব্যবস্থাপকবৃন্দ, এরিয়া অফিসের প্রধানগণ এবং সকল শাখার ব্যবস্থাপকবৃন্দ যুক্ত ছিলেন।

দেশের আর্থিক খাতের চ্যালেঞ্জপূর্ণ পরিস্থিতিতেও গ্রাহকদের অবিচল আস্থা ও সমর্থনের জন্য চেয়ারম্যান মুহঃ ফজলুর রহমান এবং ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবর রহমান সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

## জনতা ব্যাংকের নতুন পরিচালক হিসেবে যোগ দিলেন প্রফেসর ড. এ. এ. মাহবুব উদ্দিন চৌধুরী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের প্রফেসর ড. এ. এ. মাহবুব উদ্দিন চৌধুরী জনতা ব্যাংক পিএলসির পরিচালক হিসেবে যোগদান করেছেন। তিনি গত চার দশক ধরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করছেন। তিনি ফিন্যান্স বিভাগের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছেন। এর আগে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগ হতে কৃতিত্বের সাথে বি.কম অনার্সসহ এম.কম ডিগ্রি অর্জন করেন। তিনি মনবুশো শিক্ষাবৃত্তি নিয়ে জাপানের নাগোয়া বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি দেশে বিদেশে অনুষ্ঠিত বিভিন্ন সেমিনার ও প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। তাঁর প্রায় ৩৫টি গবেষণাপত্র স্থানীয় ও আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হয়েছে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা ফ্যাকাল্টি হতে শ্রেষ্ঠ গবেষক হিসেবে ডিনস অ্যাওয়ার্ড লাভ করেন।

## জনতা ব্যাংকের নতুন কোম্পানি সেক্রেটারি হিসেবে যোগ দিলেন এ.টি.এম. মোবারক হোসেন মজুমদার

## জনতা ব্যাংকের নতুন উপব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগ দিলেন কাজী আব্দুর রহমান

কাজী আব্দুর রহমান ১১ ডিসেম্বর ২০২৫ তারিখে জনতা ব্যাংক পিএলসিতে উপব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদান করেন। এর আগে তিনি রূপালী ব্যাংক পিএলসিতে উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে উপব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

তিনি বাংলাদেশ ব্যাংকের ব্যাংকার্স রিক্রুটমেন্ট কমিটির মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হয়ে ১৯৯৮ সালে রূপালী ব্যাংক পিএলসিতে সিনিয়র অফিসার হিসেবে যোগদান করেন। দীর্ঘ ব্যাংকিং ক্যারিয়ারে তিনি ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত রূপালী ব্যাংক পিএলসিতে ক্রেডিট ও ফরেন ট্রেড বিভাগের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ইসলামের ইতিহাস বিষয়ে এমএ ডিগ্রি এবং খুলনা বিশ্ববিদ্যালয় থেকে এমবিএ (ফাইন্যান্স) ডিগ্রি অর্জন করেন। তিনি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ (আইবিবি) থেকে ডিএআইবিবি (DAIBB) পেশাগত ডিগ্রি অর্জন করেছেন। তিনি দেশে ও বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি ও সেমিনারে অংশগ্রহণ করেছেন।

তিনি বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড এবং জনতা ক্যাপিটাল অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেডের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।

## দেশব্যাপী জনতা ব্যাংক পিএলসির মহান বিজয় দিবস উদ্‌যাপন

বিভাগীয় কার্যালয়, রাজশাহী

বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ

এরিয়া অফিস, গাইবান্ধা

এরিয়া অফিস, রংপুর

এরিয়া অফিস, কুড়িগ্রাম

এরিয়া অফিস, ঠাকুরগাঁও

## বোর্ড সভার কিছু স্থিরচিত্র

বোর্ড সভা-৮৬৬ (০২ ডিসেম্বর ২০২৫)

বোর্ড সভা-৮৬৭ (০৯ ডিসেম্বর ২০২৫)

বোর্ড সভা-৮৬৮ (১৬ ডিসেম্বর ২০২৫)

বোর্ড সভা-৮৬৯ (২৩ ডিসেম্বর ২০২৫)

## জনতা ব্যাংক পিএলসির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মুহঃ ফজলুর রহমান এর শাখা পরিদর্শন

এরিয়া অফিস, গাইবান্ধা (২৭ ডিসেম্বর ২০২৫)

রুরাল ডেভেলপমেন্ট একাডেমী শাখা, বগুড়া (১২ নভেম্বর ২০২৫)

### প্রাইমারি ডিলারস বাংলাদেশ লিমিটেড এর নতুন ভাইস চেয়ারম্যান মোঃ মজিবর রহমান

জনতা ব্যাংক পিএলসি. এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মজিবর রহমান বাংলাদেশের বাণিজ্যিক ব্যাংকসমূহের অন্যতম সংগঠন প্রাইমারি ডিলারস বাংলাদেশ লিমিটেড এর বার্ষিক সাধারণ সভায় পরবর্তী মেয়াদে কার্যনির্বাহী কমিটির ভাইস চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। জনতা ব্যাংক পিএলসির পক্ষ থেকে নব নির্বাচিত কমিটির সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা।

### আইআইডিএফসির নতুন চেয়ারম্যান মোঃ ফয়েজ আলম

জনতা ব্যাংক পিএলসি. এর উপব্যবস্থাপনা পরিচালক মোঃ ফয়েজ আলম আইআইডিএফসি পিএলসির চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। গত ১০ ডিসেম্বর ২০২৫ তারিখে আইআইডিএফসির প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত ২৪তম বার্ষিক সাধারণ সভায় (এজিএম) পরিচালনা পর্ষদ তাঁকে চেয়ারম্যান পদে নির্বাচিত করেন। জনতা ব্যাংক পিএলসির পক্ষ থেকে নব নির্বাচিত কমিটির সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা।

## বিকাশ ওয়ালেট থেকে জনতা ব্যাংকের হিসাবে অ্যাড মানি সুবিধার উদ্বোধন

বিকাশ ওয়ালেট থেকে জনতা ব্যাংকের হিসাবে অ্যাড মানি সুবিধার উদ্বোধন করেন জনতা ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবর রহমান। ১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখে জনতা ব্যাংকের প্রধান কার্যালয়ে উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক মোঃ ফয়েজ আলম, মোঃ নজরুল ইসলাম, মোঃ আশরাফুল আলম এবং মহাব্যবস্থাপক মোঃ আব্দুল মতিন, মোহাম্মদ আনিসসহ উর্ধ্বতন নির্বাহী ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন। পরে অনলাইন কর্পোরেট ব্যাংকিং সুবিধার আনুষ্ঠানিক উদ্বোধন করেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবর রহমান। এর ফলে দেশের বড় বড় ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোকে উন্নত অনলাইন সল্যুশনের মাধ্যমে আরও নিরাপদ, দ্রুত এবং কার্যকর ব্যাংকিং সুবিধা প্রদান করা সম্ভব হবে।

## জনতা ব্যাংক পিএলসি. ও এসএসএলের মধ্যে বিলার পেমেন্ট সার্ভিস নিয়ে চুক্তি

জনতা ব্যাংক পিএলসি. ও এসএসএলের মধ্যে বিলার পেমেন্ট সার্ভিস চালুর বিষয়ে চুক্তি স্বাক্ষর হয়েছে। ৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখে জনতা ব্যাংক পিএলসির প্রধান কার্যালয়ে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবর রহমানের উপস্থিতিতে আইসিটি ডিভিশনের জিএম মোহাম্মদ আনিস এবং এসএসএলের সিইও মোঃ ইফতেখার আলম ইসহাক নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন।

এ সময় জনতা ব্যাংক পিএলসির উপব্যবস্থাপনা পরিচালক মোঃ ফয়েজ আলম, মোঃ নজরুল ইসলাম ও মোঃ আশরাফুল আলমসহ প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকবৃন্দ এবং এসএসএল ওয়্যারলেস-এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক মোঃ সাইফুল ইসলাম ও মহাব্যবস্থাপক মোঃ মহিউদ্দিন তৌফিক উপস্থিত ছিলেন।

এর মাধ্যমে দেশের অন্যতম বৃহৎ রাষ্ট্রায়ত্ত ব্যাংক জনতা ব্যাংক পিএলসি. শীর্ষস্থানীয় ফিনটেক সল্যুশন প্রদানকারী প্রতিষ্ঠান এসএসএল ওয়্যারলেস-এর সঙ্গে অংশীদারিত্বে বিলার পেমেন্ট সার্ভিস চালু করেছে। এই সেবা জনতা ব্যাংকের ইন্টারনেট ব্যাংকিং প্ল্যাটফর্ম এবং ই-জনতা মোবাইল অ্যাপসের মাধ্যমে পাওয়া যাবে, যা গ্রাহকদের জন্য আরও নিরাপদ, আধুনিক ও সুবিধাজনক ডিজিটাল আর্থিক সেবা নিশ্চিত করবে। উল্লেখ্য, এ সেবার মাধ্যমে জনতা ব্যাংকের গ্রাহকরা সহজেই তাদের স্মার্টফোন ব্যবহার করে মোবাইল টপ-আপ, শিক্ষা ফি, আইএসপি বিল, বিদ্যুৎ বিল (আরইবি প্রিপেইড ও পিডিবি প্রিপেইড), বাস টিকিট ক্রয় এবং বীমা প্রিমিয়াম পরিশোধ করতে পারবেন। এটি দৈনন্দিন আর্থিক লেনদেনকে আরও দ্রুত, নিরাপদ ও কার্যকর করার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এ যৌথ উদ্যোগ বাংলাদেশে ক্যাশলেস সোসাইটি গঠনের যাত্রাকে আরও শক্তিশালী করবে, যেখানে জনতা ব্যাংকের গ্রাহকরা পাবেন আর্থিক লেনদেনে অধিক সহজতা, নমনীয়তা ও নিরাপত্তা।

## বিকাশের মাধ্যমে ফরেন রেমিট্যান্স পরিশোধের কার্যক্রম উদ্বোধন

জনতা ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবর রহমান ১৪ জুলাই ২০২৫ তারিখে ব্যাংকের প্রধান কার্যালয়ে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস বিকাশের মাধ্যমে রেমিট্যান্স পরিশোধের কার্যক্রম উদ্বোধন করেন। এ সময় ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপক, সংশ্লিষ্ট নির্বাহী ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়া বিকাশের পক্ষে ভাইস প্রেসিডেন্ট সৈয়দ শেখ ইবনে জিলানীসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এ কার্যক্রমের আওতায় ছুটির দিনসহ যেকোন দিন তাৎক্ষণিকভাবে রেমিট্যান্সের অর্থ গ্রহণ করা যাবে।

## তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষ্যে 'টাকা পে' কার্ড এবং 'ই-ক্রেডিট ম্যানেজমেন্ট সিস্টেম' উদ্বোধন

১৯ অক্টোবর ২০২৫ তারিখে জনতা ব্যাংক পিএলসিতে তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপিত হয়। অনুষ্ঠানে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জনতা ব্যাংকের 'গ্রাহক সেবা পক্ষ' এবং এনএফসি সুবিধার 'টাকা পে' কার্ডের উদ্বোধন করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব নাজমা মোবারেক। তিনি ডিজিটাল পদ্ধতিতে ঋণ প্রদানের কার্যক্রম 'ই-ক্রেডিট ম্যানেজমেন্ট সিস্টেম' উদ্বোধন করেন। ব্যাংকের চেয়ারম্যান মুহঃ ফজলুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ব্যাংকের সার্বিক অবস্থা তুলে ধরেন ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবর রহমান। এ সময় ব্যাংকের ডিএমডি মোঃ গোলাম মরতুজা, মোঃ ফয়েজ আলম, মোঃ নজরুল ইসলাম ও মোঃ আশরাফুল আলমসহ উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে ড. আনিসুজ্জামান চৌধুরী এসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করেন। ঋণ প্রদানের আগে যোগ্য ও সঠিক গ্রাহক নির্বাচনের ক্ষেত্রে Due diligence পরিপালনের জন্য ব্যাংককর্মীদের দৃষ্টি আকর্ষণ করেন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব নাজমা মোবারেক। ব্যাংকের চেয়ারম্যান মুহঃ ফজলুর রহমান বলেন, ই-ক্রেডিট ম্যানেজমেন্ট সিস্টেম চালুর ফলে ব্যাংকের ঋণ প্রদান প্রক্রিয়াটি সম্পূর্ণ ডিজিটাল, স্বচ্ছ ও দ্রুততার সাথে সম্পন্ন হবে। অনুষ্ঠানে ব্যাংকের এমডি মোঃ মজিবর রহমান বর্তমান চ্যালেঞ্জ মোকাবেলায় জনতা ব্যাংক পিএলসিকে একটি মজবুত ভিতের উপর দাঁড় করানোর প্রত্যয় ব্যক্ত করেন।

## ওয়েব বেইজড গ্রিনপিন সার্ভিস চালু করলো জনতা ব্যাংক

কার্ড হোল্ডারদের জন্য গ্রিনপিন সেবা চালু করেছে জনতা ব্যাংক পিএলসি.। ২১ সেপ্টেম্বর ২০২৫ তারিখে ব্যাংকের প্রধান কার্যালয়ে এ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন ব্যাংকের চেয়ারম্যান মুহঃ ফজলুর রহমান। এ সময় ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবর রহমান, উপব্যবস্থাপনা পরিচালক মোঃ গোলাম মরতুজা, মোঃ ফয়েজ আলম, মোঃ নজরুল ইসলাম ও মোঃ আশরাফুল আলম এবং মহাব্যবস্থাপক মোহাম্মদ আনিসসহ ঊর্ধ্বতন নির্বাহী ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এ বিষয়ে ব্যাংকের চেয়ারম্যান মুহঃ ফজলুর রহমান বলেন, জনতা ব্যাংক গ্রিন ব্যাংকিং কার্যক্রমকে ত্বরান্বিত করেছে। এরই ধারাবাহিকতায় কার্ড ব্যবহারকারীদের উন্নত গ্রাহকসেবা নিশ্চিত করতে গ্রিনপিন সুবিধাটি নিয়ে আসা হয়েছে, এতে কার্ডের তথ্য সুরক্ষা ব্যবস্থা আরও জোরদার হবে। ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবর রহমান জানান, অনন্য এই সেবাটির মাধ্যমে জনতা ব্যাংকের ডেবিট ও ক্রেডিট কার্ডের গ্রাহকরা আরও নিরাপদ ও স্বাচ্ছন্দ্যে ঘরে বসেই কার্ড সক্রিয় করা এবং তাৎক্ষণিক পিন তৈরি বা পিন পরিবর্তন করতে পারবেন।

## জনতা ব্যাংক পিএলসি. চালু করলো এনপিএসবি ফান্ড ট্রান্সফার ও মোবাইল রিচার্জ সেবা

গ্রাহকবান্ধব আধুনিক ব্যাংকিং সেবা সম্প্রসারণের ধারাবাহিকতায় জনতা ব্যাংক পিএলসির ডিজিটাল ব্যাংকিং অ্যাপ ই-জনতায় (eJanata) যুক্ত হয়েছে এনপিএসবি (NPSB) ফান্ড ট্রান্সফার এবং মোবাইল রিচার্জ সুবিধা। একইসাথে অ্যাপটির ইউজার ইন্টারফেস (User Interface) নতুনভাবে সাজিয়ে আরও আধুনিক, আকর্ষণীয় ও নিরাপদ করা হয়েছে।

০৬ নভেম্বর ২০২৫ তারিখে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নতুন সেবাগুলোর আনুষ্ঠানিক উদ্বোধন করেন জনতা ব্যাংক পিএলসির চেয়ারম্যান মুহঃ ফজলুর রহমান। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবর রহমান। এ সময় ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক মোঃ গোলাম মরতুজা, মোঃ ফয়েজ আলম, মোঃ আশরাফুল আলম এবং আইসিটি বিভাগের জিএম মোহাম্মদ আনিসসহ প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকবৃন্দ ও অন্যান্য ঊর্ধ্বতন নির্বাহী-কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এনপিএসবি ফান্ড ট্রান্সফার সেবা গ্রাহকদের দেশের যেকোনো ব্যাংক অ্যাকাউন্টে দ্রুত, সহজ ও নিরাপদভাবে টাকা প্রেরণের সুযোগ করে দেবে। অন্যদিকে মোবাইল রিচার্জ সেবা গ্রাহকদের জন্য মোবাইল ফোনে তাৎক্ষণিক রিচার্জের সুবিধা এনে দেবে যা ব্যাংকিং সেবাকে করবে আরও সহজ, ডিজিটাল ও সময়োপযোগী।

## মানি লন্ডারিং প্রতিরোধে জনতা ব্যাংক ও বিএফআইইউর সভা

বিএফআইইউ প্রতিনিধিগণের উপস্থিতিতে ১৭ ডিসেম্বর ২০২৫ তারিখে জনতা ব্যাংক পিএলসি. এর সম্মানিত বোর্ড মেম্বারদের জন্য "Awareness Program on AML and CFT for the Board of Directors" শীর্ষক সচেতনতামূলক সভার আয়োজন করা হয়। উক্ত সভায় ব্যাংকের কর্পোরেট সুশাসন প্রতিষ্ঠায় মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের গুরুত্ব, রেগুলেটরী অথোরিটির (বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক) প্রতি ব্যাংকের দায়বদ্ধতা, নৈতিক ব্যাংকিং চর্চা ইত্যাদি বিষয়ের উপর গুরুত্বারোপ করা হয়। বিএফআইইউ এর ০২ জন সদস্য মোঃ মশিউর রহমান, অতিরিক্ত পরিচালক এবং মোঃ মাহবুবুর রহমান, যুগ্ম পরিচালক উক্ত সভায় প্রাণবন্ত আলোচনার মাধ্যমে মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে সম্যক ধারণা দেন। এছাড়াও ব্যাংকের পক্ষ হতে এমএল অ্যান্ড সিএফটি প্রতিরোধ সংক্রান্ত সুনির্দিষ্ট কর্মপরিকল্পনার উপর আলোকপাত করেন এবং একটি কার্যকরী ও যুগোপযোগী এএমএল পরিপালন ও প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণের আশাবাদ ব্যক্ত করেন।

## সর্বজনীন পেনশন মেলা-২০২৫ এ খুলনা বিভাগে জনতা ব্যাংকের ১ম স্থান অর্জন

খুলনা বিভাগীয় কমিশনারের কার্যালয় কর্তৃক আয়োজিত সর্বজনীন পেনশন মেলা-২০২৫ এ অংশগ্রহণকারী ৫১টি প্রতিষ্ঠানের মধ্যে জনতা ব্যাংক প্রথম স্থান অধিকার করায় বিভাগীয় কমিশনার কর্তৃক প্রদত্ত পুরস্কার গ্রহণ করেন ব্যাংকের পক্ষে বিভাগীয় কার্যালয় খুলনার জিএম-ইনচার্জ আবুল কালাম আজাদ।

## অ্যাসেট-লায়াবিলিটি ম্যানেজমেন্ট কমিটির সভা

নভেম্বর-২০২৫

# ব্যবস্থাপক সম্মেলন-২০২৫

| কার্যালয়ের নাম | তারিখ | উল্লেখযোগ্য উপস্থিতি | |
|---|---|---|---|
| বিভাগীয় কার্যালয়, সিলেট | ১৭ জুলাই ২০২৫ | **প্রধান অতিথি**<br>মুহঃ ফজলুর রহমান, চেয়ারম্যান<br>**সভাপতি**<br>মোহাঃ রবিউল আলম, জিএম | **বিশেষ অতিথি**<br>মোঃ মজিবর রহমান, এমডি<br>মোঃ আশরাফুল আলম, ডিএমডি |

| কার্যালয়ের নাম | তারিখ | উল্লেখযোগ্য উপস্থিতি | |
|---|---|---|---|
| বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ | ২৫ জুলাই ২০২৫ | **প্রধান অতিথি**<br>মুহঃ ফজলুর রহমান, চেয়ারম্যান<br>**সভাপতি**<br>ফারজানা খালেক, জিএম | **বিশেষ অতিথি**<br>মোঃ মজিবর রহমান, এমডি<br>মোঃ ফয়েজ আলম, ডিএমডি |

| কার্যালয়ের নাম | তারিখ | উল্লেখযোগ্য উপস্থিতি | |
|---|---|---|---|
| বিভাগীয় কার্যালয়, ঢাকা-উত্তর | ২৮ জুলাই ২০২৫ | **প্রধান অতিথি**<br>মোঃ মজিবর রহমান, এমডি<br>**সভাপতি**<br>মোঃ আনিছুর রহমান আকন্দ, জিএম | **বিশেষ অতিথি**<br>মোঃ গোলাম মরতুজা, ডিএমডি |

| কার্যালয়ের নাম | তারিখ | উল্লেখযোগ্য উপস্থিতি | |
|---|---|---|---|
| বিভাগীয় কার্যালয়, ঢাকা-দক্ষিণ | ৪ আগস্ট ২০২৫ | **প্রধান অতিথি**<br>মুহঃ ফজলুর রহমান, চেয়ারম্যান<br>**সভাপতি**<br>মোঃ মিজানুর রহমান, জিএম | **বিশেষ অতিথি**<br>মোঃ মজিবর রহমান, এমডি<br>মোঃ ফয়েজ আলম, ডিএমডি |

| কার্যালয়ের নাম | তারিখ | উল্লেখযোগ্য উপস্থিতি | |
|---|---|---|---|
| বিভাগীয় কার্যালয়, রাজশাহী | ১২ সেপ্টেম্বর ২০২৫ | **প্রধান অতিথি**<br>মুহঃ ফজলুর রহমান, চেয়ারম্যান<br>**সভাপতি**<br>মোঃ জাহাংগীর হোসেন জোয়ার্দ্দার, জিএম-ইনচার্জ | **বিশেষ অতিথি**<br>মোঃ মজিবর রহমান, এমডি<br>মোঃ আশরাফুল আলম, ডিএমডি |

| কার্যালয়ের নাম | তারিখ | উল্লেখযোগ্য উপস্থিতি | |
|---|---|---|---|
| বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম | ১৭ জুলাই ২০২৫ | **প্রধান অতিথি**<br>মুহঃ ফজলুর রহমান, চেয়ারম্যান<br>**সভাপতি**<br>মোহাঃ রবিউল আলম, জিএম | **বিশেষ অতিথি**<br>মোঃ মজিবর রহমান, এমডি<br>মোঃ আশরাফুল আলম, ডিএমডি |

| কার্যালয়ের নাম | তারিখ | উল্লেখযোগ্য উপস্থিতি | |
|---|---|---|---|
| বিভাগীয় কার্যালয়, খুলনা | ১২ অক্টোবর ২০২৫ | **প্রধান অতিথি**<br>মুহঃ ফজলুর রহমান, চেয়ারম্যান<br>**সভাপতি**<br>আবুল কালাম আজাদ, জিএম-ইনচার্জ | **বিশেষ অতিথি**<br>মোঃ মজিবর রহমান, এমডি<br>মোঃ গোলাম মরতুজা, ডিএমডি |

| কার্যালয়ের নাম | তারিখ | উল্লেখযোগ্য উপস্থিতি | |
|---|---|---|---|
| বিভাগীয় কার্যালয়, রংপুর | ২৬ অক্টোবর ২০২৫ | **প্রধান অতিথি**<br>মুহঃ ফজলুর রহমান, চেয়ারম্যান<br>**সভাপতি**<br>মোঃ আব্দুল বারেক চৌধুরী, জিএম | **বিশেষ অতিথি**<br>মোঃ মজিবর রহমান, এমডি<br>মোঃ আশরাফুল আলম, ডিএমডি<br>মোহাম্মাদ আনিস, জিএম |

# ব্যবস্থাপক সম্মেলন-২০২৫

| কার্যালয়ের নাম | তারিখ | উল্লেখযোগ্য উপস্থিতি | |
|---|---|---|---|
| বিভাগীয় কার্যালয়, কুমিল্লা | ৯ নভেম্বর ২০২৫ | **প্রধান অতিথি**<br>মুহঃ ফজলুর রহমান, চেয়ারম্যান<br>**সভাপতি**<br>রুহিয়া আক্তার, জিএম | **বিশেষ অতিথি**<br>মোঃ মজিবর রহমান, এমডি<br>মোঃ নজরুল ইসলাম, ডিএমডি |

| কার্যালয়ের নাম | তারিখ | উল্লেখযোগ্য উপস্থিতি | |
|---|---|---|---|
| বিভাগীয় কার্যালয়, নোয়াখালী | ১০ নভেম্বর ২০২৫ | **প্রধান অতিথি**<br>মোঃ মজিবর রহমান, এমডি<br>**সভাপতি**<br>মোঃ সিরাজুল ইসলাম চৌধুরী, জিএম | **বিশেষ অতিথি**<br>মোঃ নজরুল ইসলাম, ডিএমডি |

| কার্যালয়ের নাম | তারিখ | উল্লেখযোগ্য উপস্থিতি | |
|---|---|---|---|
| এরিয়া অফিস, কুড়িগ্রাম | ১২ জুলাই ২০২৫ | **প্রধান অতিথি**<br>মোঃ আব্দুল বারেক চৌধুরী, জিএম<br>**সভাপতি**<br>মোঃ শামীম আহমেদ, এজিএম | **বিশেষ অতিথি**<br>মোঃ মঞ্জুরুল আলম, ডিজিএম |

| কার্যালয়ের নাম | তারিখ | উল্লেখযোগ্য উপস্থিতি | |
|---|---|---|---|
| এরিয়া অফিস, চাঁদপুর | ১ সেপ্টেম্বর ২০২৫ | **প্রধান অতিথি**<br>মোঃ মজিবর রহমান, এমডি<br>**সভাপতি**<br>জি.এম. নাসির উদ্দিন, ডিজিএম | **বিশেষ অতিথি**<br>মোঃ নজরুল ইসলাম, ডিএমডি<br>মোঃ সিরাজুল ইসলাম চৌধুরী, জিএম |

| কার্যালয়ের নাম | তারিখ | উল্লেখযোগ্য উপস্থিতি | |
|---|---|---|---|
| এরিয়া অফিস, ঠাকুরগাঁও | ০৮ অক্টোবর ২০২৫ | **প্রধান অতিথি**<br>মোঃ আব্দুল বারেক চৌধুরী, জিএম<br>**সভাপতি**<br>মোঃ আরিফুল ইসলাম, ডিজিএম | **বিশেষ অতিথি**<br>জ্যোতিশ রায়, এজিএম |

## মামলা নিষ্পত্তি বিষয়ক ত্রিপক্ষীয় সমন্বয় সভা

প্রধান কার্যালয়ের ল' ডিপার্টমেন্ট, বিভাগীয় কার্যালয়, ঢাকা দক্ষিণ এবং এ বিভাগের আওতাধীন এরিয়া অফিস ও কর্পোরেট-১ শাখাসমূহের নির্বাহী, মামলা সংশ্লিষ্ট কর্মকর্তা এবং মামলা পরিচালনাকারী আইনজীবীগণকে নিয়ে বিভাগীয় কার্যালয়, ঢাকা দক্ষিণের সভাকক্ষে মামলা নিষ্পত্তি বিষয়ক ত্রিপক্ষীয় সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

## রিস্ক বেইজড সুপারভিশন বিষয়ক সভা

১৫ অক্টোবর ২০২৫ তারিখে রিস্ক বেইজড সুপারভিশন (আরবিএস) কার্যক্রম বাস্তবায়নে প্রস্তুতি, সচেতনতা ও সক্ষমতা বৃদ্ধি ইত্যাদি বিষয়ে একটি সভা জনতা ব্যাংক পিএলসির প্রধান কার্যালয়ের বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। জনতা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় উপস্থিত ছিলেন ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক মোঃ ফয়েজ আলম, মোঃ নজরুল ইসলাম এবং মোঃ আশরাফুল আলম। এছাড়া সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক ও অন্যান্য নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় ব্যাংকের রিস্ক ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টের উপমহাব্যবস্থাপক সঞ্জয় কুমার সরদার লিখিত প্রতিবেদন উপস্থাপন করেন।

# শাখার খেলাপি ঋণ রিকভারি কার্যক্রম পরিচালনা ও কিছু প্রস্তাবনা

**মোহাম্মদ রায়হান সেখ রাশেদ**
সহকারী মহাব্যবস্থাপক
ফরেন ট্রেড ডিপার্টমেন্ট-ইমপোর্ট, প্রধান কার্যালয়
জনতা ব্যাংক পিএলসি.

ব্যাংক ব্যবসায় গ্রাহককে প্রদত্ত ঋণ যদি গ্রাহক নিয়মানুযায়ী পরিশোধে ব্যর্থ হয় তাহলে তা খেলাপি ঋণে পরিণত হয়। খেলাপি ঋণ ব্যাংক ব্যবসার একটি অন্যতম বৃহৎ ঝুঁকিও বটে। এই খেলাপি ঋণ পুনরুদ্ধার, আদায় ও নিয়মিতকরণকে খেলাপি ঋণ রিকভারি নামে অভিহিত করা হয়ে থাকে। ব্যাংকিং কার্যক্রমে খেলাপি ঋণ রিকভারি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি অংশ। খেলাপি ঋণের পরিমাণ বৃদ্ধি পেলে শাখার আর্থিক প্রবৃদ্ধি ব্যাহত হয় এবং ব্যাংকের ভাবমূর্তিতে নেতিবাচক প্রভাব পড়ে। এজন্য শাখা পর্যায়ে সুনির্দিষ্ট পরিকল্পনা ও সংগঠিত প্রচেষ্টার মাধ্যমে খেলাপি ঋণ রিকভারি কার্যক্রম পরিচালনা করা হয়।

## শাখার ঋণ আদায়ে বিদ্যমান কার্যক্রম

### ক) রিকভারি টিম গঠন

শাখা ব্যবস্থাপকের তত্ত্বাবধানে শাখার একজন সিনিয়র ব্যাংকারকে দলনেতা করে রিকভারি টিম গঠন করা হয়, যা সাপ্তাহিক মিটিং এর মাধ্যমে বাস্তবায়িত কার্যক্রমের ফলোআপ, সম্ভাব্য সমাধান এবং পরবর্তী কর্মপরিকল্পনা গ্রহণ করে থাকে। এছাড়া, কর্মকর্তাদের পদবী, যোগাযোগ দক্ষতা, কর্মকর্তা এবং খেলাপি ঋণগ্রহীতার বর্তমান ঠিকানা, রিকভারি দক্ষতাসহ সার্বিক বিষয়াদি মূল্যায়ন করে সে অনুযায়ী দায়িত্ব প্রদান করতঃ সকল কর্মকর্তাকে রিকভারি কার্যক্রমে সম্পৃক্ত করে রিকভারি টিম গঠন করা হয়।

### খ) তথ্যসমৃদ্ধ ডাটাবেইজ প্রস্তুত

শাখায় খেলাপি ঋণগ্রহীতাদের হালনাগাদ তথ্যভিত্তিক ডাটাবেইজ সংরক্ষণ করা হয়। এতে গ্রাহকের ঋণের অবস্থা, শ্রেণিকরণ, ঠিকানা, পারিবারিক সকল তথ্য (মোট সম্পদের পরিমাণ, পরিবারের অন্য সদস্যদের কর্মস্থল, সম্পদের পরিমাণ, অন্য ঋণ থাকলে তার বিস্তারিত তথ্য), পরিশোধের ইতিহাস, গ্যারান্টরের সকল তথ্য অন্তর্ভুক্ত থাকে। এর ফলে সহজেই যে কোনো খেলাপি ঋণগ্রহীতার তথ্য পাওয়া যায় এবং রিকভারি টিমের সকল সদস্য সহজেই তার দায়িত্বপ্রাপ্ত খেলাপি ঋণগ্রহীতার তথ্য জানতে পারেন। এছাড়া শাখায় যোগদানকৃত নতুন কর্মকর্তাদের জন্য বন্টনকৃত খেলাপি ঋণগ্রহীতার তথ্য জানা সহজ হয়ে যায়। এছাড়া, প্রধান কার্যালয় কর্তৃক প্রদত্ত ২৮ কলামের মাধ্যমে মামলা সংশ্লিষ্ট যাবতীয় তথ্যও শাখা কর্তৃক সংরক্ষণ করা হয়ে থাকে।

### গ) নিয়মিত তাগিদ কার্যক্রম

খেলাপি গ্রাহকদের সাথে চিঠিপত্র, টেলিফোনিক যোগাযোগ ও সশরীরে সাক্ষাতের মাধ্যমে নিয়মিত তাগিদ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে।

#### পত্র যোগাযোগ

গ্রাহককে নিয়মিতভাবে তাগিদপত্র প্রদান এবং পত্রের মাধ্যমে যোগাযোগের ক্ষেত্রে ধারাবাহিকতা রক্ষা করা, প্রতিবার পত্র প্রেরণের সময় তাগাদাপত্র নম্বর উল্লেখ করার মাধ্যমে গ্রাহকের উপর চাপ তৈরি করা হয়।

#### টেলিফোনিক যোগাযোগ

খেলাপি গ্রাহককে নিয়মিত ফোনকলের মাধ্যমে ঋণ পরিশোধে তাগিদ প্রদান করা হয়। টেলিফোনিক যোগাযোগের ক্ষেত্রে ধারাবাহিকতা রক্ষা করা এবং নিয়মিত রেজিস্টার মেইনটেইন করা হয়। প্রতিবার যোগাযোগের তথ্য সংরক্ষণ করার মাধ্যমে পরবর্তী যোগাযোগ এবং গ্রাহকের কোনো অঙ্গীকার থাকলে সেটির ফলোআপ করা সহজ হয়।

#### সশরীরে সাক্ষাৎ

সশরীরে সাক্ষাতের সময় গ্রাহকের পাশাপাশি তাদের পারিবারের সদস্য, নিকটাত্মীয় এবং প্রতিবেশীদের খেলাপি গ্রাহকদের বিষয়ে অবহিতকরণের মাধ্যমে পারিবারিক এবং সামাজিকভাবে চাপ সৃষ্টি করা সম্ভব হয়।

### ঘ) আইনগত ব্যবস্থা গ্রহণ, বন্ধকীকৃত এবং দায়বদ্ধকৃত সম্পত্তি নিলামের উদ্যোগ

অনাদায়ী দায় আদায়ের জন্য নিয়মানুযায়ী মামলা দায়ের করা হয়। এ বিষয়ে ব্যাংকের প্যানেল আইনজীবীদের সাথে নিবিড় যোগাযোগ বজায় রেখে প্রতিটি মামলার রেকর্ড সংরক্ষণ করতঃ কার্যক্রমের অগ্রগতি নিয়মিতভাবে পর্যালোচনা করা হয়। অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ১২(৩) উপধারা অনুযায়ী ব্যাংকে বন্ধকীকৃত স্থাবর সম্পত্তির (Mortgaged Immovable Properties) এবং দায়বদ্ধকৃত অস্থাবর সম্পত্তির (Hypothecated Movable Properties) বিক্রয়ের ক্ষমতাবলে অর্থঋণ আদালতে মামলা দায়েরের পূর্বে সম্পত্তির নিলাম আয়োজন করতে পারে।

অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩(৫) উপধারা অনুযায়ী জনতা ব্যাংক খেলাপি ঋণগ্রহীতার বন্ধকীকৃত সম্পত্তি ভোগদখলের অধিকারসহ নিজ উদ্যোগে বিক্রয় করার অধিকার লাভ করে। সংশ্লিষ্ট থানা ও স্থানীয় প্রশাসনের সহায়তায় দখল গ্রহণ, সাইনবোর্ড স্থাপন এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ও প্রিন্ট মিডিয়ার সাহায্যে সম্পত্তি বিক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হয়। বিআরপিডি সার্কুলার নং ২২ তারিখ ২০/০৯/২০২১ অনুযায়ী- অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩ (৭) উপধারা মোতাবেক আদালত কর্তৃক ব্যাংক ঋণের বিপরীতে গৃহীত জামানত/বন্ধকীকৃত সম্পদের মালিকানা স্বত্ব ব্যাংকের অনুকূলে পাওয়ার পর দ্রুততম সময়ের মধ্যে এরূপ সম্পদ ব্যাংকের নামে রেজিস্ট্রেশন ও মিউটেশন করে দখলী স্বত্ব (Physical Possession) নিশ্চিতকরণসহ প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া সম্পন্নকরত: ঋণগ্রহীতার ঋণ সমন্বয়পূর্বক প্রাপ্ত সম্পদ ব্যাংকের হিসাবে Non-Banking Asset হিসেবে অন্তর্ভুক্ত করা হয়।

### ঙ) পুনঃতফসীল ও সুদ মওকুফ সুবিধা

ন্যায্য আবেদন ও সক্ষমতা যাচাই সাপেক্ষে শ্রেণিকৃত ঋণগ্রহীতাদের ঋণ পুনঃতফসীল সুবিধা ও অবলোপনকৃত গ্রাহকদের সুদ মওকুফ সুবিধা প্রদান করা হয়। এতে গ্রাহকরা দায় পরিশোধে উৎসাহী হয়ে থাকেন। ফলে একদিকে গ্রাহকের সাথে সুসম্পর্ক বজায় থাকে, অন্যদিকে ব্যাংকের অর্থ পুনরুদ্ধারের সুযোগ সৃষ্টি হয়।

### চ) ঠিকানাবিহীন ও পলাতক গ্রাহকের সন্ধান

ঠিকানাবিহীন বা পলাতক গ্রাহকের সন্ধানে তাদের স্থায়ী ঠিকানায় যোগাযোগ করা হয়। কিছু ক্ষেত্রে গ্রাহকের আত্মীয় বা গ্যারান্টরের মাধ্যমে হালনাগাদ তথ্য সংগ্রহ করা সম্ভব হয়। পাশাপাশি নিকটবর্তী শাখা, স্থানীয় প্রশাসন ও ইউনিয়ন পরিষদের সহায়তা নিয়ে মাঠ পর্যায়ে অনুসন্ধান কার্যক্রম পরিচালনার মাধ্যমে পলাতক গ্রাহকদের সন্ধান করা হয়। প্রয়োজনে মামলার ডকুমেন্ট প্রদান করে পুলিশের মাধ্যমে ফোন ট্র্যাকিং করা হয়। এভাবে হারিয়ে যাওয়া গ্রাহকের অবস্থান চিহ্নিত করে আদায় কার্যক্রমে পুনরায় সম্পৃক্ত করা সম্ভব হয়।

### ছ) বিদ্যমান সার্কুলার ও কার্যক্রম

জনতা ব্যাংক পিএলসি. এর সুদ মওকুফ এবং অনাদায়ী ঋণ আদায় সমন্বয়ে এক্সিট সংক্রান্ত নীতিমালা-২০২৪ (নির্দেশ বিজ্ঞপ্তি ১৩৬০/২৫); জনতা ব্যাংক পিএলসি.-এ 'Prompt Corrective Action (PCA) Unit', 'অবলোপনকৃত ঋণ আদায় ইউনিট' এবং 'ইচ্ছাকৃত খেলাপি ঋণগ্রহীতা ইউনিট' নামীয় তিনটি ইউনিট গঠন (তথ্য বিজ্ঞপ্তি ২৫৮/২৪); খেলাপি ঋণ আদায়ের লক্ষ্যে নিলাম কার্যক্রম গ্রহণ (নির্দেশ বিজ্ঞপ্তি ৩৮৩৪/২১) প্রভৃতি সার্কুলারের মাধ্যমে খেলাপি ঋণ আদায়ে ব্যাংক সদা সচেষ্ট। এছাড়া, নির্দেশ বিজ্ঞপ্তি ১৩৬০/২৫ অনুসারে খেলাপি ঋণ আদায়ের লক্ষ্যে ২৬ অক্টোবর ২০২৫ হতে ২৪ নভেম্বর ২০২৫ পর্যন্ত "খেলাপি ঋণ আদায় মাস" পরিপালন করা হয়।

## চ্যালেঞ্জ

* ঋণ প্রদানের সময় গ্রাহক কর্তৃক সঠিক তথ্য সরবরাহ না করা।
* কিছু গ্রাহকের সঠিক ঠিকানা না পাওয়া।
* দীর্ঘমেয়াদি মামলার কারণে আদায় প্রক্রিয়ায় বিলম্ব।
* অর্থনৈতিক মন্দার কারণে গ্রাহকের পরিশোধ সক্ষমতা হ্রাস।
* বন্ধকী সম্পত্তির মালিকানা ও দখল জটিলতা।
* গ্রাহকের ইচ্ছাকৃত খেলাপি (Willful Defaulter) মনোভাব।
* কিছু গ্রাহকের আকস্মিক মৃত্যু এবং ওয়ারিশানদের ঋণ পরিশোধে অনীহা।
* কর্মকর্তাদের সীমিত জনবল ও বহুমাত্রিক দায়িত্বের চাপ।

* প্রযুক্তি ব্যবহারে সীমাবদ্ধতা ও ডাটাবেইজের অসঙ্গতি।
* নিলাম প্রক্রিয়ায় প্রশাসনিক বিলম্ব ও অনুমোদন জটিলতা।
* অভ্যন্তরীণ প্রণোদনা ও কর্মদক্ষতা মূল্যায়নের অভাব।
* কিছু গ্রাহকের ব্যবসা প্রতিষ্ঠান দূরবর্তী স্থানে স্থানান্তর এবং যোগাযোগসহ সার্বিক ঋণ আদায় কার্যক্রমে অসহযোগিতা করা।
* যথাযথ ব্যবহারিক Training এবং Training Retention এর ব্যবস্থা না রাখা।

## সুপারিশ

### ক) রিকভারি টিমের কার্যক্রম জোরদারকরণ

রিকভারি টিমের কার্যক্রমকে পরিকল্পিতভাবে টার্গেট নির্ধারণ, দায়িত্ব বণ্টন ও সময়সীমা নির্ধারণের মাধ্যমে আরও জোরদার করতে হবে। প্রতিটি সদস্যের নির্দিষ্ট এলাকা ও গ্রাহক সেট থাকবে যাতে দায়বদ্ধতা তৈরি হয়। সুনির্দিষ্ট দায়িত্ববণ্টনের মাধ্যমে দ্রুত সিদ্ধান্ত নেওয়া, সরাসরি গ্রাহকের সঙ্গে যোগাযোগ বৃদ্ধি এবং ফলো-আপ জোরদার হওয়ায় পুনরুদ্ধার হার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে।

### খ) নিয়মিত মনিটরিং ও অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন

মনিটরিং ও রিপোর্টিং ব্যবস্থাকে নিয়মিত ও ডেটা-ভিত্তিক করতে হবে। সাপ্তাহিক বা মাসিক ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতপূর্বক তা উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। এর ফলে খেলাপি ঋণ আদায়ে বাধা বা ব্যর্থতার কারণগুলো দ্রুত চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

### গ) প্রযুক্তিনির্ভর ডাটাবেইজ ব্যবহার

গ্রাহকের ঋণের ইতিহাস, কিস্তি পরিশোধ, মামলার অবস্থা এবং যোগাযোগের ঠিকানা রেকর্ড রাখতে একটি স্বয়ংক্রিয় ডাটাবেইজ সিস্টেম চালু করা যেতে পারে, যা সহজে তথ্য অনুসন্ধান ও বিশ্লেষণে সাহায্য করবে। জনতা ব্যাংকের অভ্যন্তরীণ ওয়েব পোর্টালে প্রতিটি গ্রাহকের রিকভারি স্ট্যাটাস "লাল-হলুদ-সবুজ" সূচকে দেখানো যেতে পারে, যেখানে 'লাল' মানে ঝুঁকিপূর্ণ এবং 'সবুজ' মানে নিয়মিত পরিশোধকারী। গ্রাহকের পাশাপাশি গ্যারান্টরের জাতীয় পরিচয়পত্র, টিন, বিন প্রভৃতি ডাটাবেজে অন্তর্ভুক্ত করতে হবে যাতে ঋণ আদায় প্রক্রিয়া সহজতর হয়।

### ঘ) দ্রুততর আইনগত প্রক্রিয়া

ঋণ আদায়ে অনেক সময় মামলা বা আদালত-সংক্রান্ত প্রক্রিয়া বিলম্বিত হয়। তাই ব্যাংকের লিগাল টিম ও আইনজীবীদের সঙ্গে সমন্বয় বাড়াতে হবে। এছাড়া, শাখা পর্যায়ে উপরোক্ত দুই শ্রেণির সাথে লিয়াজোঁ বজায় রাখার জন্য একটি টিম গঠন করা যেতে পারে। আইনগত সিদ্ধান্তের পাশাপাশি নিলাম প্রক্রিয়া, সম্পত্তির মূল্যায়ন ও মামলার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য বিভাগীয় কার্যালয়কে ক্ষমতা অর্পণ করা হলে মামলার ক্ষেত্রে অনেক ক্ষেত্রেই দীর্ঘসূত্রতা কেটে যাবে। ফলে নিলাম প্রক্রিয়া সম্পাদন করতঃ মামলার কার্যক্রম দ্রুততার সাথে করা সম্ভব হবে।

### ঙ) কেন্দ্রীয় রিকভারি টিম তৈরি

শুধু শাখা পর্যায়ে রিকভারি টিম পরিচালনা করলে অনেক সময় সীমিত জনবল, অভিজ্ঞতার ঘাটতি ও আইনি জটিলতার কারণে কার্যক্রম ধীরগতির হয়। তাই এরিয়া অফিস ও বিভাগীয় কার্যালয়ের সদস্যদের নিয়ে প্রতিটি বিভাগের জন্য একটি "বিভাগীয় রিকভারি টিম" গঠন করা যেতে পারে। এই টিমটি হবে একটি বিশেষায়িত, পেশাদার ও সমন্বিত ইউনিট, যারা জটিল ও বৃহৎ অঙ্কের ঋণ পুনরুদ্ধারে সরাসরি মাঠ পর্যায়ে কাজ করবে এবং শাখাগুলোর কার্যক্রম সরাসরি মাঠ পর্যায়ে যোগাযোগের মাধ্যমে তদারকি করবে। পাশাপাশি এরিয়া অফিস, বিভাগীয় কার্যালয় ও প্রধান কার্যালয়ের নির্বাহী-কর্মকর্তা, আইনজীবী, ভূমি জরিপকারী/আমিন, সম্পত্তি মূল্যায়নকারী, তদন্ত ও ফলো-আপ অফিসার এবং ডাটা এনালিস্টসহ একদল বিশেষায়িত ও পেশাদার সদস্য নিয়ে প্রধান কার্যালয়ে একটি "কেন্দ্রীয় রিকভারি টিম" গঠিত হবে। কেন্দ্রীয় রিকভারি টিম বিভাগীয় রিকভারি টিমের কার্যক্রম নিয়মিতভাবে তদারকি করবে।

### চ) কেন্দ্রীয় ড্যাশবোর্ড তৈরি

জনতা ব্যাংকের খেলাপি ঋণ আদায় কার্যক্রম গতিশীল করতে "JB Recover" নামে একটি কেন্দ্রীয় ড্যাশবোর্ড তৈরি করা যেতে পারে, যেখানে ইন্ট্রানেটের (Intranet) মাধ্যমে শাখা, নিয়ন্ত্রণকারী কার্যালয় ও প্রধান কার্যালয়ের বিভিন্ন ডিপার্টমেন্ট যুক্ত থাকবে এবং এক্সট্রানেটের (Extranet) মাধ্যমে প্যানেল আইনজীবী, গ্রাহক ও ব্যাংকবহির্ভূত অংশীজনেরা যুক্ত হবেন। ড্যাশবোর্ডটি হবে "Top to Bottom" ভিত্তিক এবং উক্ত ড্যাশবোর্ডের মাধ্যমে প্রত্যেক ডেমোগ্রাফিকের জন্য আলাদা পোর্টালে সংযুক্ত ইন্টারনেট ব্যবস্থা গড়ে তোলা হবে। এতে করে গ্রাহক বিশ্বের যেকোনো জায়গা থেকে সহজেই দায় পরিশোধ করতে পারবেন।

### ছ) রিকভারি টিমের কার্যক্রমের উপর ভিত্তি করে আর্থিক প্রণোদনা ঘোষণা করা

রিকভারি টিমের সদস্যদের কর্মদক্ষতা ও অর্জিত ফলাফলের ভিত্তিতে আর্থিক প্রণোদনা ঘোষণা করা হলে তারা আরো উৎসাহিত হয়ে টার্গেট পূরণের লক্ষ্য নিয়ে দায়িত্ব পালন করতে পারবেন। নির্দিষ্ট সময়ের মধ্যে নির্ধারিত পরিমাণ খেলাপি ঋণ আদায়, মামলা নিষ্পত্তি বা গ্রাহককে নিয়মিত পর্যায়ে ফিরিয়ে আনার মতো সাফল্যের উপর ভিত্তি করে বোনাস প্রদান করা যেতে পারে। এতে কর্মকর্তারা আরো দায়িত্বশীলভাবে মাঠ পর্যায়ে কাজ করবেন, গ্রাহকের সাথে যোগাযোগ বৃদ্ধি করবেন, যার ফলে শাখায় সামগ্রিক রিকভারি কার্যক্রমে গতি আসবে এবং ব্যাংকের খেলাপি ঋণ কমানো সহজ হবে।

### জ) রিকভারি টিমের কার্যক্রম পরিচালনার জন্য শাখা পর্যায়ে বাজেট বৃদ্ধি করা

খেলাপি গ্রাহকদের ঠিকানা অনুসন্ধান, চিঠিপত্র প্রেরণ, সরেজমিনে সম্পত্তি পরিদর্শন, সাইনবোর্ড স্থাপন, আইনগত নোটিশ প্রদান প্রভৃতি কার্যক্রমের জন্য শাখা পর্যায়ে নিয়মিত ব্যয় নির্বাহ করতে হয়। রিকভারি কার্যক্রম সফলভাবে পরিচালনার জন্য শাখায় আলাদা বাজেট বরাদ্দ রাখা জরুরি। রিকভারি টিমের প্রয়োজনীয় কার্যক্রম নির্বিঘ্নে করতে শাখা পর্যায়ে বাজেট বৃদ্ধি করা হলে মাঠপর্যায়ের তাগিদ, তদন্ত, আইনি প্রক্রিয়া এবং সম্পত্তি তদারকি আরও দ্রুত ও কার্যকরভাবে সম্পন্ন হবে, যা সরাসরি ঋণ আদায়ে ইতিবাচক প্রভাব ফেলবে।

### ঝ) স্বয়ংক্রিয় যোগাযোগ ব্যবস্থা

ই-মেইল বা মেসেজ প্রদানের মাধ্যমে খেলাপি ঋণগ্রহীতাদের নিয়মিত তাদের দায় সম্পর্কে অবহিত করতে একটি স্বয়ংক্রিয় যোগাযোগ ব্যবস্থা তৈরি করতে হবে। এতে করে খেলাপি ঋণগ্রহীতাদের "চোখের আড়াল হলেই মনের আড়াল" হওয়ার প্রবণতা হ্রাস করা সম্ভব হবে।

## পরিশেষে

শাখার খেলাপি ঋণ রিকভারি কার্যক্রম দলগত প্রচেষ্টা, তথ্যভিত্তিক পরিকল্পনা এবং আইনসম্মত পদক্ষেপ গ্রহণের মাধ্যমে আরও শক্তিশালী করা সম্ভব। সঠিক পরিকল্পনা বাস্তবায়ন নিশ্চিত হলে শাখা পর্যায়ে ঋণ আদায়ে উল্লেখযোগ্য সফলতা অর্জন করা যাবে, যা ব্যাংকের সামগ্রিক স্থিতিশীলতা ও অগ্রগতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বিদ্যমান খেলাপি ঋণ দ্রুততম সময়ে কার্যকরভাবে আদায়ের মাধ্যমে আমাদের প্রাণপ্রিয় প্রতিষ্ঠান জনতা ব্যাংক পিএলসি. বাংলাদেশের ব্যাংকিং জগতে উদাহরণ সৃষ্টি করুক এই প্রত্যাশা আজ আমাদের সকলের।


## লেখা আহ্বান

*জনতা ব্যাংক ত্রৈমাসিক বুলেটিনে প্রকাশের লক্ষ্যে ব্যাংকের প্রধান কার্যালয়ের বিভিন্ন ডিপার্টমেন্ট, বিভাগীয় কার্যালয়, এরিয়া অফিস এবং শাখা পর্যায়ের বিভিন্ন প্রশংসনীয় কর্মকাণ্ড ও উদ্যোগ, জাতীয় দিবস পালন, শাখাব্যবস্থাপক সম্মেলন, ব্যাংকিং সেক্টরে ব্যক্তিগত বিশেষ অবদান, নিজের বা সন্তানদের কৃতিত্ব, ব্যাংকে চাকরিজীবীদের মৃত্যু সংবাদ, ব্যাংক বিষয়ক সংক্ষিপ্ত রচনা ইত্যাদি ছবিসহ* rps@janatabank-bd.com *এই ই-মেইলে পাঠানোর জন্য অনুরোধ করা হলো।*

# প্রশিক্ষণ কোর্স: ফটো গ্যালারি

## ফাউন্ডেশন কোর্স ফর অফিসার্স অ্যান্ড অফিসার্স-টেলার

জনতা ব্যাংক স্টাফ কলেজ, ঢাকা এবং জনতা ব্যাংক রিজিওনাল স্টাফ কলেজ, রাজশাহী, চট্টগ্রাম ও খুলনার আয়োজনে জনতা ব্যাংকের সদ্য যোগদানকৃত কর্মকর্তাদের নিয়ে ফাউন্ডেশন কোর্স ফর অফিসার্স এবং অফিসার্স-টেলার আয়োজন করা হয়েছে। ২০২৫ সালের জুলাই-ডিসেম্বর পর্যন্ত সময়ে উক্ত কার্যক্রম সম্পন্ন হয়।

জনতা ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবর রহমান ভিন্ন ভিন্ন তারিখে এসব প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন।

ব্যাচ ১৫/২৫, উদ্বোধনের তারিখ: ১৮.১১.২০২৫
জনতা ব্যাংক স্টাফ কলেজ, ঢাকা

ব্যাচ ১১/২৫, উদ্বোধনের তারিখ: ২১.০৯.২০২৫
জনতা ব্যাংক রিজিওনাল স্টাফ কলেজ, রাজশাহী

ব্যাচ ০৬/২৫, উদ্বোধনের তারিখ: ১৪.০৯.২০২৫
জনতা ব্যাংক রিজিওনাল স্টাফ কলেজ, চট্টগ্রাম

ব্যাচ ০৭/২৫, উদ্বোধনের তারিখ: ১২.১০.২০২৫
জনতা ব্যাংক রিজিওনাল স্টাফ কলেজ, খুলনা

## অন্যান্য কোর্স

ইসলামী ব্যাংকিং অপারেশন শীর্ষক প্রশিক্ষণ কোর্স
জনতা ব্যাংক স্টাফ কলেজ, ঢাকা

ম্যানেজার্স ইন্ডাকশন কোর্স
জনতা ব্যাংক স্টাফ কলেজ, ঢাকা

ফরেন এক্সচেঞ্জ অ্যান্ড ইন্টারন্যাশনাল ট্রেড ফিন্যান্স কোর্স
জনতা ব্যাংক স্টাফ কলেজ, ঢাকা

## এমএক্স মাইগ্রেশন প্রশিক্ষণ কোর্স

জনতা ব্যাংক রিজিওনাল স্টাফ কলেজ, চট্টগ্রাম

বিভাগীয় কার্যালয়, খুলনা

জনতা ব্যাংক স্টাফ কলেজ, ঢাকা

বিভাগীয় কার্যালয়, রংপুর

# লোভনীয় অফার এবং ডিজিটাল নিরাপত্তা ঝুঁকি

**বায়েজীদ হাসান ভুঞাঁ**
এসপিও, আইটি সিকিউরিটি সেল,
ইনচার্জ-একটিভ ডিরেক্টরি অপারেশন সেল
ও সদস্য সচিব-JBCIRT
আইটিপিএসসিএম ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়।

বর্তমান ডিজিটাল যুগে আমাদের দৈনন্দিন জীবনের অবিচ্ছেদ্য অংশ হয়ে দাঁড়িয়েছে স্মার্টফোন। ব্যাংকিং লেনদেন থেকে শুরু করে চিত্ত বিনোদনসহ ব্যক্তিগত যোগাযোগ সবই এখন হাতের মুঠোয়। কিন্তু এই সুবিধার আড়ালে সাইবার অপরাধীরা নিত্যনতুন ফাঁদ পাতছে। সম্প্রতি ঘটে যাওয়া একটি সাইবার জালিয়াতির ঘটনা আমাদের জন্য একটি বড় সতর্কবার্তা। যেখানে সামান্য 'লোভ' এবং 'অসতর্কতা' থেকে ঘটে গেছে অপূরণীয় ক্ষতি।

ঘটনাটি শুরু হয় সোশ্যাল মিডিয়া ফেইসবুক ও মেসেঞ্জারের মাধ্যম দিয়ে। একজন ব্যবহারকারী তার একজন পরিচিত/অপরিচিত বন্ধুর আইডি থেকে একটি অ্যাপের লিংক/apk ফাইলের মেসেজ পান অথবা ফেসবুকে স্ক্রলিং/রিলস দেখার সময় আসা বিভিন্ন "লোভনীয় অফার" এর অ্যাডভারটাইজমেন্ট। এসব অ্যাডভারটাইজমেন্টের বর্ণনায় থাকে ফিশিং ওয়েবসাইট ও apk ফাইলের লিংক। যেমন: "এই নতুন অ্যাপটি ইন্সটল করলেই আকর্ষণীয় ক্যাশব্যাক বা গিফট ভাউচার পাওয়া যাবে"/"ফ্রি খেলা দেখার টিভি চ্যানেল"/"ফ্রি ইন্টারনেট"/"ফ্রি এসকর্ট সার্ভিস"/"স্বল্প সুদে ঋণ"/"কোন জামানত ছাড়াই ঋণ" ইত্যাদি। এছাড়াও, ফেইক ওয়েব সাইটসহ বিভিন্ন নিউজ পোর্টালের অ্যাডভারটাইজমেন্ট ও অন্যান্য মেসেজ আদান-প্রদানের অ্যাপ্লিকেশন (হোয়াটসঅ্যাপ, ইমু, টেলিগ্রাম ইত্যাদি) থেকেও এইধরণের লোভনীয় অফারের ফাঁদে পড়ার সম্ভাবনা রয়েছে।

ফ্রি খেলা/টিভি দেখার পাশাপাশি আর্থিক লাভের একটি হাতছানির প্ররোচনায় মোবাইল ব্যবহারকারী কোনো প্রকার যাচাই না করেই লিংক/অ্যাডে ক্লিক করে অ্যাপটি ডাউনলোড করেন।

**যেভাবে জালিয়াতি সম্পন্ন হয়: পারমিশনের আড়ালে মরণফাঁদ**

অ্যাপ্লিকেশনটি ইন্সটল করার সময় অ্যাপ থেকে মোবাইল ফোনের কি কি অ্যাক্সেস পাবে সেইসব অপশনের **'পারমিশন'** (Permissions) চাওয়া হয়। ব্যবহারকারীর সাইবার নিরাপত্তা সম্পর্কে অসচেতনতা ও অফারের উত্তেজনায় অ্যাপটিকে নিচের অ্যাক্সেসগুলো দিয়ে দেন:

১. **Accessibility Service:** যা হ্যাকারকে ফোনের স্ক্রিন দেখতে এবং ক্লিক ও টাইপ করার সুযোগ করে দেয়।

২. **SMS/Call Log Access:** যার মাধ্যমে হ্যাকার ব্যাংকিং ওটিপি (OTP) চুরি করতে পারে।

৩. **Screen Overlay:** যা ব্যবহারকারীর অজান্তেই স্ক্রিনের ওপর ভুয়া উইন্ডো বা পপ-আপ তৈরি করতে পারে।

**পরবর্তী ধাপগুলো ছিল আরও ভয়াবহ:**

**১. ভুয়া পপ-আপ মেসেজ:** মোবাইলের স্ক্রিনে বিভিন্ন ব্যাংকিং অ্যাপে 'আপডেট'/'ব্যালেন্স চেক' করার জন্য পপ-আপ মেসেজ আসতে শুরু করে। ব্যবহারকারী অ্যাপগুলোতে পিন বা পাসওয়ার্ড দিয়ে লগইন করার সময় অ্যাপের কিপ্যাডে কি কি 'কী' (Key) প্রেস করে লগইন করেছে, তা সরাসরি হ্যাকারের কাছে চলে যায়।




**২. রিমোট কন্ট্রোল:** এরপরই মোবাইলে অটো- রিস্টার্ট/আপডেটের মেসেজ আসে এবং প্রায় ১ ঘন্টার মতো ব্যবহারকারী তার ফোনের নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন। মূলত অ্যাপটি ছিল একটি **'Remote Access Trojan (RAT)'**। হ্যাকার দূর থেকে মোবাইল ফোনের স্ক্রিন দেখা এবং তা নিয়ন্ত্রণ করার পূর্ণ ক্ষমতা পেয়ে যায়।

**৩. অর্থ আত্মসাৎ:** ফোনের নিয়ন্ত্রণ নেওয়ার পর হ্যাকার ব্যবহারকারীর হাতে মোবাইল থাকার পরও মোবাইল ব্যাংকিং অ্যাপ থেকে তার বিভিন্ন ব্যাংক একাউন্ট ও মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (বিকাশ, নগদ ইত্যাদি) অ্যাকাউন্টে টাকা ট্রান্সফার করে দেয়। পুরো মোবাইল হ্যাকারের নিয়ন্ত্রণে থাকায় ওটিপিও হ্যাকারের নিয়ন্ত্রণে ছিল।

***আপনি কি জানেন?***

*Remote Access Trojan (RAT) আপনার ফোনের ক্যামেরা এবং মাইক্রোফোনও আপনার অজান্তে ব্যবহার করতে পারে। তাই অপরিচিত অ্যাপ ইন্সটল করা মানে আপনার ব্যক্তিগত গোপনীয়তা অন্যের হাতে তুলে দেওয়া।*

**সচেতনতা বৃদ্ধি: আমাদের যা করণীয়**

সাইবার অপরাধীরা সবসময় আমাদের 'আবেগ' (Emotion) এবং 'লোভ' (Greed) কে পুঁজি করে আক্রমণ চালায়। এগুলোকে বলা হয় Social Engineering। সুরক্ষিত থাকতে নিচের বিষয়গুলো মেনে চলা জরুরি:

- **অ্যাপ পারমিশনে কড়াকড়ি:** কোনো অ্যাপ ইন্সটল করার সময় কেন সেটি এসএমএস, কন্টাক্ট, গ্যালারি বা অ্যাক্সেসিবিলিটি পারমিশন চাচ্ছে, তা যাচাই করুন। "না বলতে শিখুন"। সাধারণ কোনো অ্যাপ যদি আপনার ব্যক্তিগত তথ্যের নিয়ন্ত্রণ চায়, তবে সেটি সন্দেহজনক এবং সেটি পরিহার করতে হবে।
- **অযাচিত লিংকে সতর্কতা:** বন্ধু বা পরিচিত ও অপরিচিত কেউ মেসেঞ্জারে কোনো অফার বা ফ্রি গিফটের লিংক বা APK জাতীয় ফাইল পাঠালেই তাতে ক্লিক/ডাউনলোড করবেন না। আগে নিশ্চিত হোন তার আইডিটি হ্যাক হয়েছে কিনা; কিংবা অ্যাপটি আদৌ আপনার প্রয়োজন আছে কিনা।
- **অফিশিয়াল সোর্স ব্যবহার:** অ্যাপ ইন্সটলের জন্য সবসময় গুগল প্লে-স্টোর ও অ্যাপল অ্যাপ স্টোর ব্যবহার করুন। থার্ড-পার্টি ওয়েবসাইট বা অজানা লিংক থেকে কখনোই কোনো APK ফাইল ইন্সটল করবেন না। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রয়োজনীয় 'সঠিক' অফিসিয়াল ওয়েবসাইটের অ্যাড্রেস ও ইমেইল অ্যাড্রেসগুলো জেনে রাখুন।
- **পপ-আপে সাবধান:** কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান অ্যাপের বাইরে পপ-আপ উইন্ডোতে আপনার পিন বা পাসওয়ার্ড চাইবে না অথবা লগইন করতে বলবে না। এমন কিছু দেখলে তাৎক্ষণিক ইন্টারনেট (ওয়াইফাই/মোবাইল ডাটা) বন্ধ করে দিন।
- **মোবাইলে কি কি এপ ইন্সটল আছে সেটি নিয়মিত চেক করুন।**

**আক্রান্ত হলে দ্রুত যা করবেন:**

যদি কখনো মনে হয় আপনার ফোন অন্য কেউ নিয়ন্ত্রণ করছে বা অস্বাভাবিক আচরণ করছে:

- দ্রুত ফোনের ইন্টারনেট সংযোগ (Mobile Data/Wi-Fi) বিচ্ছিন্ন করুন।
- আপনার ব্যাংক ও মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের কল সেন্টারে যোগাযোগ করে অ্যাকাউন্ট ব্লক করুন।
- ফোনটি দ্রুত ফ্যাক্টরি রিসেট (Factory Reset) দিন যাতে ম্যালওয়্যারটি পুরোপুরি মুছে যায়।
- মোবাইলে অ্যান্টিভাইরাস সফটওয়্যার ইন্সটল করুন।

সাইবার জগত নিরাপদ রাখতে প্রযুক্তির চেয়েও বেশি প্রয়োজন আমাদের ব্যক্তিগত সচেতনতা। মনে রাখবেন, ইন্টারনেটে 'Free' বা 'অকল্পনীয় অফার' বলে কিছু নেই। সবকিছুরই মূল্য (Price) রয়েছে। আপনার একটি সচেতন সিদ্ধান্তই পারে আপনার ডিজিটাল জীবন ও সঞ্চয়কে নিরাপদ রাখতে।

**"আপনার একটি ভুল ক্লিক, আপনার সারাজীবনের সঞ্চয় শূন্য করে দিতে পারে।"**
**এবং**
**"বাঁচতে হলে, জানতে হবে এবং নিরাপত্তার বিষয়গুলো মানতে হবে।"**

# বিভিন্ন কার্যক্রমের খণ্ড চিত্র

জনতা ব্যাংক পিএলসি. কর্তৃক গ্রাহক সেবার মান উন্নয়নের জন্য বিভিন্ন ধরনের কর্মশালা ও কার্যক্রম পরিচালনা করে থাকে। ২০২৫ সালের জুলাই-ডিসেম্বর পর্যন্ত সময়ে আর্থিক সাক্ষরতা বিষয়ক কর্মশালা, ফরেন রেমিট্যান্স উপকারভোগী নিয়ে সমাবেশ, গ্রাহক সেবা পক্ষ, স্কুল ব্যাংকিং কার্যক্রমসমূহ পরিচালিত হয়। সারা দেশে পরিচালিত কার্যক্রম সমূহের খন্ড চিত্র তুলে ধরা হলো।

## আর্থিক সাক্ষরতা বিষয়ক কর্মশালা

এরিয়া অফিস, চাঁদপুর

রাঙ্গামাটি শাখা, রাঙ্গামাটি

এরিয়া অফিস, দিনাজপুর

## গ্রাহক সেবা পক্ষ-২০২৫

কালীগঞ্জ শাখা, লালমনিরহাট

এ কে ফজলুল হক রোড কর্পোরেট শাখা, কুমিল্লা

লোহাগড়া শাখা, নড়াইল

## স্কুল ব্যাংকিং কার্যক্রম

আশেকপুর শাখা, টাঙ্গাইল

জাতীয় স্মৃতিসৌধ শাখা, ঢাকা

চরফ্যাশন শাখা, ভোলা

ধামরাই শাখা, ঢাকা

## ফরেন রেমিট্যান্স উপকারভোগী নিয়ে সমাবেশ

দিনাজপুর কর্পোরেট শাখা, দিনাজপুর

দেবীগঞ্জ শাখা, পঞ্চগড়

# বিভিন্ন স্থানে জনতা ব্যাংকের প্রকাশ্যে কৃষি ঋণ বিতরণ ও মতবিনিময় সভা

ভেড়ামারা শাখা, কুষ্টিয়া

এরিয়া অফিস, গাইবান্ধা

মেধাবী মুখ

# এইচএসসি ২০২৫-এ জিপিএ-৫ পেল যারা

| তথ্যাদি | ছবি |
|---|---|
| নাম - মোছাঃ আফিয়া জাহিন<br>পিতা - মোঃ আরিফুল ইসলাম, ডিজিএম, এরিয়া অফিস, ঠাকুরগাঁও<br>মাতা - মোছাঃ নাসরিন সুলতানা<br>স্কুল/কলেজ - ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর | |
| নাম - নম্রতা দাস স্নিগ্ধা<br>পিতা - নারায়ন চন্দ্র দাস, এজিএম, আরসিডি-১ ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ঢাকা<br>মাতা - শিখা রাণী চৌধুরী<br>স্কুল/কলেজ - আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল | |
| নাম - মোঃ ওয়াহিদুর রহমান<br>পিতা - মোঃ আতাউর রহমান, এজিএম, বিভাগীয় কার্যালয়, রাজশাহী<br>মাতা - মোসাঃ বদরুননেসা<br>স্কুল/কলেজ - রাজশাহী কলেজ, রাজশাহী | |
| নাম - তাহসিন বিনতে বোরহান<br>পিতা - মোঃ বোরহান উদ্দিন, এসপিও, বিভাগীয় কার্যালয়, ঢাকা-উত্তর, ঢাকা<br>মাতা - মাকসুদা আক্তার<br>স্কুল/কলেজ - হলি ক্রস কলেজ, ঢাকা | |
| নাম - শতদ্র সাফাত<br>মাতা - উম্মে সালমা জাহান, পিও, ওভারসিজ ব্যাংকিং ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ঢাকা<br>পিতা - মোঃ এমদাদুল হক<br>স্কুল/কলেজ - নটর ডেম কলেজ, ঢাকা | |

| তথ্যাদি | ছবি |
|---|---|
| নাম - আফিয়া আদিব<br>পিতা - মোঃ আবু হেনা মোস্তফা জামাল, ডিজিএম, এরিয়া অফিস, নরসিংদী<br>মাতা - মাহমুদা গুলশান<br>স্কুল/কলেজ - ঢাকা কর্মাস কলেজ, ঢাকা | |
| নাম - রাজেশ্বরী সিংহ<br>পিতা - সুশান্ত সিংহ, এজিএম, এমএল এন্ড টিএফ প্রিভেনশন ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ঢাকা<br>মাতা - বিউটি সরকার<br>স্কুল/কলেজ - গাজীপুর ক্যান্টনমেন্ট কলেজ, গাজীপুর | |
| নাম - মাসতুরা বুশরা<br>পিতা - মোঃ মোশাররফ হোসেন, এসপিও, বোদা শাখা, পঞ্চগড়<br>মাতা - শাহানারা হক<br>স্কুল/কলেজ - সৈয়দপুর সরকারী বিজ্ঞান কলেজ, নীলফামারী | |
| নাম - আবু ইব্রাহিম<br>পিতা - হুমায়ুন কবির, এসপিও, দিলকুশা কর্পোরেট শাখা, ঢাকা<br>মাতা - রওশন আরা বেগম<br>স্কুল/কলেজ - নটর ডেম কলেজ, ঢাকা | |
| নাম - জান্নাতুন নাঈম<br>পিতা - মোঃ জাকির হেসেন, এওজি-০২, দশমাইল মোড় শাখা, দিনাজপুর<br>মাতা - মোছাঃ তামজিদা বেগম<br>স্কুল/কলেজ - সৈয়দপুর সরকারী বিজ্ঞান কলেজ, নীলফামারী | |

## ২০২৫ সালে অষ্টম শ্রেণিতে বৃত্তি

নাম - সিদরাতুল মুনতাহা
পিতা - মুহাম্মদ ফয়সল হাসান আবেদীন খান, এসপিও, এইচআরডি, প্রধান কার্যালয়, ঢাকা
মাতা - রৌশন মনিরা
প্রতিষ্ঠান - তা'মীরুল মিল্লাত মহিলা কামিল মাদ্রাসা, ডেমরা, ঢাকা।

## খেলাপি ঋণ আদায় সংক্রান্ত টাস্কফোর্স সভা

২য় সভা (২৪ জুলাই ২০২৫)

৩য় সভা (৩০ অক্টোবর ২০২৫)

## অবলোপনকৃত ঋণ আদায় ইউনিট কর্তৃক সভা অনুষ্ঠিত

অবলোপনকৃত ঋণ আদায়ের লক্ষ্যে জনতা ব্যাংক পিএলসির প্রধান কার্যালয়ের অবলোপনকৃত ঋণ আদায় ইউনিট কর্তৃক আয়োজিত জুলাই-২০২৫ সালের ভার্চুয়াল সভা ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবর রহমানের সভাপতিত্বে ২১ জুলাই ২০২৫ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় প্রধান কার্যালয়ের কমিটি রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান কার্যালয়ের ডিএমডি মোঃ নজরুল ইসলাম এবং মোঃ আশরাফুল আলম সশরীরে এবং লোকাল অফিস, জনতা ভবন কর্পোরেটসহ সকল বিভাগীয় কার্যালয়ের জিএম, এরিয়া প্রধান ও শাখা প্রধানগণ ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন। এসএএমডির (অতিরিক্ত দায়িত্ব) জিএম মোঃ হাফিজুর রহমান মোল্লা উক্ত সভায় সঞ্চালকের দায়িত্ব পালন করেন।

## শাখা স্থানান্তর

জুলাই-ডিসেম্বর ২০২৫
*(বিডিএমডি থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে)*

| পুরাতন ঠিকানা | নতুন ঠিকানা |
|---|---|
| উর্দু রোড শাখা, ঢাকা<br>হেল্ডিং নম্বর : ৯<br>সড়কের নাম : কমলদাহ রোড<br>ওয়ার্ড নম্বর : ২৭<br>পৌরসভা : ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন<br>ডাকঘর : পোস্তা<br>থানা : চকবাজার<br>জেলা : ঢাকা | উর্দু রোড শাখা, ঢাকা<br>হেল্ডিং নম্বর : ১<br>সড়কের নাম : কমলদাহ রোড<br>ওয়ার্ড নম্বর : ২৭<br>পৌরসভা: ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন<br>ডাকঘর : পোস্তা, থানা : চকবাজার<br>জেলা : ঢাকা<br>ভবনের নাম : আশরাফ মার্কেট<br>স্থানান্তরের তারিখ : ১০.০৮.২০২৫ |
| কাটগড় শাখা, চট্টগ্রাম<br>ওয়ার্ড নম্বর : ৪০ নং উত্তর পতেঙ্গা<br>সিটি কর্পোরেশন : চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>ডাকঘর : উত্তর পতেঙ্গা<br>থানা : পতেঙ্গা<br>জেলা : চট্টগ্রাম | কাটগড় শাখা, চট্টগ্রাম<br>হেল্ডিং নম্বর : ১৬২৯/২৪১১<br>সড়কের নাম : মুসলিমাবাদ সড়ক<br>ওয়ার্ড নম্বর : ৪০ নং উত্তর পতেঙ্গা<br>সিটি কর্পোরেশন : চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>ডাকঘর : উত্তর পতেঙ্গা, থানা : পতেঙ্গা<br>জেলা : চট্টগ্রাম<br>স্থানান্তরের তারিখ : ২৪.০৮.২০২৫ |
| বাঞ্ছারামপুর শাখা, ব্রাহ্মণবাড়িয়া<br>সড়কের নাম : বাঞ্ছারামপুর বাজার সড়ক<br>ওয়ার্ড নম্বর : ০২<br>পৌরসভা : বাঞ্ছারামপুর<br>ডাকঘর : বাঞ্ছারামপুর<br>থানা : বাঞ্ছারামপুর<br>জেলা : ব্রাহ্মণবাড়িয়া | বাঞ্ছারামপুর শাখা, ব্রাহ্মণবাড়িয়া<br>হেল্ডিং নম্বর : ০১১৪-০০<br>সড়কের নাম : বাঞ্ছারামপুর উপজেলা সড়ক রোড<br>ওয়ার্ড নম্বর : ০৭<br>পৌরসভা : বাঞ্ছারামপুর, ডাকঘর : বাঞ্ছারামপুর<br>থানা : বাঞ্ছারামপুর, জেলা : ব্রাহ্মণবাড়িয়া<br>স্থানান্তরের তারিখ : ৩১.০৮.২০২৫ |
| চাঁদপুর কো-অপারেটিভ শাখা, চাঁদপুর<br>হেল্ডিং নম্বর : ৫১৭, ৫১৮<br>সড়কের নাম : কুমিল্লা রোড<br>ওয়ার্ড নম্বর : ১৫<br>পৌরসভা: চাঁদপুর পৌরসভা<br>ডাকঘর : চাঁদপুর-৩৬০০<br>থানা : চাঁদপুর সদর<br>জেলা : চাঁদপুর<br>ভবনের নাম : নূর খাঁ মার্কেট | চাঁদপুর কো-অপারেটিভ শাখা, চাঁদপুর<br>হেল্ডিং নম্বর : ১৩৯২/১২৭২<br>সড়কের নাম : কুমিল্লা রোড<br>ওয়ার্ড নম্বর : ১৫<br>পৌরসভা : চাঁদপুর পৌরসভা<br>ডাকঘর : চাঁদপুর-৩৬০০<br>থানা : চাঁদপুর সদর<br>জেলা : চাঁদপুর<br>ভবনের নাম : সিদ্দিক ভবন<br>স্থানান্তরের তারিখ : ৩১.০৮.২০২৫ |
| নওদাপাড়া শাখা, রাজশাহী<br>হেল্ডিং নম্বর : ৮৬<br>সড়কের নাম : বিমান বন্দর রোড<br>ওয়ার্ড নম্বর : ১৭<br>সিটি কর্পোরেশন : রাজশাহী সিটি কর্পোরেশন<br>ডাকঘর : সপুরা<br>থানা : শাহমখদুম<br>জেলা : রাজশাহী | নওদাপাড়া শাখা, রাজশাহী<br>হেল্ডিং নম্বর : ৬৫<br>সড়কের নাম : বিমান বন্দর রোড<br>ওয়ার্ড নম্বর : ১৭<br>সিটি কর্পোরেশন : রাজশাহী সিটি কর্পোরেশন<br>ডাকঘর : সপুরা, থানা : শাহমখদুম<br>জেলা : রাজশাহী<br>স্থানান্তরের তারিখ : ২১.০৯.২০২৫ |
| গোরারাই বাজার শাখা, মৌলভীবাজার (পল্লী শাখা)<br>গ্রাম/এলাকা : গোরারাই বাজার<br>জেএল নম্বর : ১৮<br>দাগ নম্বর : ১০৪<br>খতিয়ান নম্বর : ৩৭৪<br>মৌজা- গোরারাই<br>ইউনিয়ন : ১নং খলিলপুর ইউনিয়ন পরিষদ<br>ডাকঘর : গোরারাই বাজার<br>থানা : মৌলভীবাজার সদর<br>জেলা : মৌলভীবাজার। | গোরারাই বাজার শাখা, মৌলভীবাজার (পল্লী শাখা)<br>ভবনের নাম : ইয়াওর ম্যানশন<br>গ্রাম/এলাকা : গোরারাই বাজার<br>জেএল নম্বর : ১৮<br>দাগ নম্বর : ২৬৪<br>খতিয়ান নম্বর : ২১৯<br>মৌজা - গোরারাই<br>ইউনিয়ন : ১নং খলিলপুর ইউনিয়ন পরিষদ<br>ডাকঘর : গোরারাই বাজার<br>থানা : মৌলভীবাজার সদর<br>জেলা : মৌলভীবাজার।<br>স্থানান্তরের তারিখ : ১৪.১২.২০২৫ |

## কার্যালয় স্থানান্তর

জুলাই-ডিসেম্বর ২০২৫
*(বিডিএমডি থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে)*

| পুরাতন ঠিকানা | নতুন ঠিকানা |
|---|---|
| কার্যালয়ের নাম : এরিয়া অফিস,রংপুর<br>হেল্ডিং নম্বর : ১১৮৪<br>সড়ক নম্বর : ১/১<br>সড়কের নাম : সিএস রোড(সার্কিট হাউজ রোড)<br>ওয়ার্ড নম্বর : ১৭<br>সিটি কর্পোরেশন : রংপুর সিটি কর্পোরেশন<br>ভবনের তফসিল : জেএল-৯৩,<br>খতিয়ান- ২০৭৫, দাগ-৩৪২, হাল দাগ-৩০৬৯<br>ডাকঘর : রংপুর(৫৪০০)<br>থানা : কোতয়ালী<br>জেলা : রংপুর | কার্যালয়ের নাম : এরিয়া অফিস,রংপুর<br>হেল্ডিং নম্বর : ০০২৩/০২<br>সড়কের নাম : আর, কে রোড<br>ওয়ার্ড নম্বর : ১৭<br>সিটি কর্পোরেশন : রংপুর সিটি কর্পোরেশন<br>ভবনের তফসিল : জেএল-৯৪, মৌজা- সাতগাড়া,<br>খতিয়ান : সিএস-৩৩২, আরএস-১১১৭,<br>খারিজ-৬১৬৮, দাগ-২৭৫/৫৬৯,২৭৫<br>ডাকঘর : রংপুর(৫৪০০)<br>থানা : কোতয়ালী, জেলা : রংপুর<br>স্থানান্তরের তারিখ : ২৭.১১.২০২৫ |

## নাম পরিবর্তন

জুলাই-ডিসেম্বর ২০২৫
*(বিডিএমডি থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে)*

| পুরাতন নাম | নতুন নাম |
|---|---|
| গৌরীপুর এসি শাখা, ময়মনসিংহ (শহর শাখা) | গৌরীপুর শাখা, ময়মনসিংহ (শহর শাখা) |
| বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, জামালপুর (পল্লী শাখা) | জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, জামালপুর (পল্লী শাখা) |
| পাইস্কা শাখা, টাঙ্গাইল (পল্লী) | ধনবাড়ী শাখা, টাঙ্গাইল (পল্লী) |

## নাম পরিবর্তনসহ শাখা স্থানান্তর

জুলাই-ডিসেম্বর ২০২৫
*(বিডিএমডি থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে)*

| পুরাতন নাম ও ঠিকানা | নতুন নাম ও ঠিকানা |
|---|---|
| রসুলপুর শাখা, টাঙ্গাইল (পল্লী শাখা)<br>গ্রাম/এলাকা : সাগরদিঘী বাজার<br>জেএল নম্বর : ৩০২<br>দাগ নম্বর : ১০২<br>খতিয়ান নম্বর : ৪৫/২৫০<br>মৌজার নাম : সাগরদিঘী<br>ইউনিয়ন : সাগরদিঘী<br>ডাকঘর : লোহানী সাগরদিঘী<br>থানা : ঘাটাইল<br>জেলা : টাঙ্গাইল | সাগরদিঘী শাখা, টাঙ্গাইল (পল্লী শাখা)<br>গ্রাম/এলাকা : সাগরদিঘী বাজার<br>জেএল নম্বর : ৩০২<br>দাগ নম্বর : ১০২<br>খতিয়ান নম্বর : ৪৫/২৫০<br>মৌজার নাম : সাগরদিঘী<br>ইউনিয়ন : সাগরদিঘী<br>ডাকঘর : লোহানী সাগরদিঘী<br>থানা : ঘাটাইল, জেলা : টাঙ্গাইল<br>স্থানান্তরের তারিখ : ১৪.০৭.২০২৫ |
| জারিয়া ঝাঞ্জাইল শাখা, নেত্রকোনা (পল্লী শাখা)<br>ভবনের নাম : মান্নান সুপার মার্কেট<br>গ্রাম/এলাকা : জারিয়া<br>জেএল নম্বর : ১৭৬<br>দাগ নম্বর : ৫৬<br>খতিয়ান নম্বর : ৪৫৪<br>মৌজার নাম : জারিয়া<br>ইউনিয়ন : জারিয়া<br>ডাকঘর : জারিয়া ঝাঞ্জাইল<br>থানা: পূর্বধলা<br>জেলা : নেত্রকোনা | পূর্বধলা শাখা, নেত্রকোনা (পল্লী শাখা)<br>ভবনের নাম : চৌধুরী ভিলা<br>গ্রাম/এলাকা : পূর্বধলা<br>জেএল নম্বর : ৮৮<br>দাগ নম্বর : ২০২৪, ২০২৫<br>খতিয়ান নম্বর : ১৩০৬<br>মৌজার নাম : পূর্বধলা<br>ইউনিয়ন : ৬নং পূর্বধলা<br>ডাকঘর : পূর্বধলা<br>থানা : পূর্বধলা, জেলা : নেত্রকোনা<br>স্থানান্তরের তারিখ : ০৩.০৮.২০২৫ |
| বলরামপুর শাখা, পঞ্চগড়<br>সড়কের নাম : পঞ্চগড়-ঢাকা মহাসড়ক<br>ওয়ার্ড নম্বর : ০৮<br>পৌরসভা: বোদা পৌরসভা<br>ডাকঘর : বোদা<br>থানা : আটোয়ারী<br>জেলা : পঞ্চগড় | বোদা শাখা, পঞ্চগড়<br>হেল্ডিং নম্বর : ৩৮০<br>সড়কের নাম : পঞ্চগড়-ঢাকা মহাসড়ক<br>ওয়ার্ড নম্বর : ০৩<br>পৌরসভা : বোদা পৌরসভা<br>ডাকঘর : বোদা, থানা : বোদা<br>জেলা : পঞ্চগড়<br>স্থানান্তরের তারিখ : ২৫.০৯.২০২৫ |

## শুভ উদ্বোধন

পূর্বধলা শাখা, ময়মনসিংহ-এর শুভ উদ্বোধন, তারিখ: ০৩.০৮.২০২৫

বোদা শাখা, পঞ্চগড় -এর শুভ উদ্বোধন, তারিখ: ২৫.০৯.২০২৫

চাঁদপুর কো-অপারেটিভ শাখা,চাঁদপুর-এর শুভ উদ্বোধন, তারিখ: ০১.০৯.২০২৫

## চলে গেলেন যারা

জুলাই-ডিসেম্বর ২০২৫
*(পিএমআইএস থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে)*

নাম ও পদবী : ফাতেমা বেগম, কেয়ারটেকার (পিওন)
যোগদানের তারিখ : ১৮.১০.১৯৯২
মৃত্যুর তারিখ : ০২.০৭.২০২৫
শেষ কর্মস্থল : প্রধান কার্যালয়, ঢাকা।

নাম ও পদবী : এবিএম মাঈদুল ইসলাম, সিনিয়র অফিসার
যোগদানের তারিখ : ১২.১০.২০১১
মৃত্যুর তারিখ : ০১.০৮.২০২৫
শেষ কর্মস্থল : তোপখানা রোড কর্পোরেট শাখা, ঢাকা।

নাম ও পদবী : মোঃ সাইদুর রহমান, সিনিয়র অফিসার
যোগদানের তারিখ : ১৭.০৯.২০১৪
মৃত্যুর তারিখ : ০৩.০৯.২০২৫
শেষ কর্মস্থল : বামুন্দি বাজার শাখা, মেহেরপুর।

নাম ও পদবী : মোঃ ইমরান নাজিল, অফিসার (ক্যাশ)
যোগদানের তারিখ : ২৮.০৮.২০২৪
মৃত্যুর তারিখ : ২৫.০৯.২০২৫
শেষ কর্মস্থল : চর কাইজুরি বাজার শাখা, সিরাজগঞ্জ।

নাম ও পদবী : মোছাঃ মাহফুজা খাতুন, সিনিয়র অফিসার
যোগদানের তারিখ : ১৪.১১.১৯৮৯
মৃত্যুর তারিখ : ০১.১০.২০২৫
শেষ কর্মস্থল : এরিয়া অফিস, বগুড়া।

নাম ও পদবী : মোঃ হারুনুর রশিদ, সাপোর্ট স্টাফ ক্যাটাগরি-০২
যোগদানের তারিখ : ০১.০৯.২০১৪
মৃত্যুর তারিখ : ০৭.১১.২০২৫
শেষ কর্মস্থল : দেবিদ্বার(নিউ মার্কেট) শাখা, কুমিল্লা।

নাম ও পদবী : মোঃ ফেরদৌস হোসেন, কেয়ারটেকার (গার্ড)
যোগদানের তারিখ : ০১.০৯.১৯৮৯
মৃত্যুর তারিখ : ০৯.১১.২০২৫
শেষ কর্মস্থল : এরিয়া অফিস, নওগাঁ।

নাম ও পদবী : মোঃ মুরাদুল কবীর, প্রিন্সিপাল অফিসার
যোগদানের তারিখ : ১৪.০৯.২০০৯
মৃত্যুর তারিখ : ১৮.১১.২০২৫
শেষ কর্মস্থল : নড়াইল শাখা, নড়াইল।

নাম ও পদবী : মোঃ সাইফুল ইসলাম, কেয়ারটেকার (পিওন)
যোগদানের তারিখ : ০১.১২.১৯৯২
মৃত্যুর তারিখ : ০৩.১২.২০২৫
শেষ কর্মস্থল : এরিয়া অফিস, নাটোর।

নাম ও পদবী : মোঃ ফজলুল হক, সাপোর্ট স্টাফ ক্যাটাগরি-০২
যোগদানের তারিখ : ২০.০৪.২০১১
মৃত্যুর তারিখ : ১৫.১২.২০২৫
শেষ কর্মস্থল : ভেড়ামারা শাখা, কুষ্টিয়া।

## ফ্রেন্ডশীপ ক্রিকেট টুর্নামেন্ট-২০২৫ এ চ্যাম্পিয়ন

ব্যাংকার্স স্পোর্টস এসোসিয়েশন কর্তৃক আয়োজিত সরকারি ও রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানের মোট ৮টি দল নিয়ে আয়োজিত ফ্রেন্ডশীপ ক্রিকেট টুর্নামেন্ট-২০২৫ এর ফাইনাল ম্যাচ গত ২১ নভেম্বর ২০২৫ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হল ক্রিকেট মাঠে অনুষ্ঠিত হয়। উক্ত ফাইনাল ম্যাচে জনতা ব্যাংক পিএলসির দল 'টিম জেবি' সোনালী ব্যাংক পিএলসির দল 'সোনালী টাইগার্স' কে ১২৭ রানে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

## আয়রনম্যান বিশ্ব চ্যাম্পিয়নশিপে আরিফুর রহমান

জনতা ব্যাংক পিএলসি. এর প্রিন্সিপাল অফিসার আরিফুর রহমান ১৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখে ফ্রান্সের নিশেতে অনুষ্ঠিত আয়রনম্যান বিশ্ব চ্যাম্পিয়নশিপে অংশ নিয়ে সফলতার সাথে সম্পন্ন করেছেন।

## বগুড়া বিভাগীয় কার্যালয়ের শুভ উদ্বোধন

২৮ ডিসেম্বর ২০২৫ তারিখে জনতা ব্যাংক পিএলসির চেয়ারম্যান মুহঃ ফজলুর রহমান ব্যাংকের বগুড়া বিভাগীয় কার্যালয়ের শুভ উদ্বোধন করেন। এ সময় ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবর রহমান, বাংলাদেশ ব্যাংক বগুড়া কার্যালয়ের নির্বাহী পরিচালক মোঃ সাখাওয়াত হোসেন, ব্যাংকের ডিএমডি মোঃ আশরাফুল আলম এবং বিশিষ্ট সমাজকর্মী টিএমএস-এর নির্বাহী পরিচালক, পুন্ড্র বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. হোসনে আরা বেগম ও একই বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার মোঃ জাহেদুর রহমান জাদু উপস্থিত ছিলেন। এছাড়া ব্যাংকের অন্যান্য নির্বাহী কর্মকর্তা-কর্মচারী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। বিভাগীয় কার্যালয়, বগুড়া উত্তরাঞ্চলে ব্যাংকের কার্যক্রম ও গ্রাহকসেবা আরও গতিশীল করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে।

## রেমিট্যান্স সংগ্রহে জনতা ব্যাংকের অভাবনীয় সাফল্য অর্জন

২০২৪-২৫ অর্থবছরে তৃতীয় সর্বোচ্চ রেমিট্যান্স আনয়নকারী ব্যাংকের কৃতিত্ব অর্জন করেছে জনতা ব্যাংক পিএলসি.। ১৭ ডিসেম্বর ২০২৫ তারিখে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আন্তর্জাতিক অভিবাসী দিবস ও জাতীয় প্রবাসী দিবস ২০২৪ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস। অনুষ্ঠানে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. আসিফ নজরুলের কাছ থেকে রেমিট্যান্স অ্যাওয়ার্ড ২০২৫ গ্রহণ করেন জনতা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবর রহমান।

## নেত্রকোনার কেন্দুয়ায় প্রথম উপশাখা চালু করেছে জনতা ব্যাংক

২০ অক্টোবর ২০২৫ নেত্রকোনা জেলার কেন্দুয়া উপজেলায় প্রথম উপশাখা চালু করেছে জনতা ব্যাংক পিএলসি.। কেন্দুয়া উপশাখাটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন জনতা ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক মোঃ ফয়েজ আলম। এ সময় কেন্দুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা ইনামুল হক তালুকদার উপস্থিত ছিলেন। ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ের মহাব্যবস্থাপক ফারজানা খালেকের সভাপতিত্বে অনলাইন প্লাটফর্মে যুক্ত হয়ে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবর রহমান। উদ্বোধনী অনুষ্ঠানে বিভাগীয় কার্যালয় ও এরিয়া অফিসের নির্বাহী ও কর্মকর্তা, স্থানীয় ব্যবসায়ী, গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। দেশের অন্যতম বৃহত্তম বাণিজ্যিক ব্যাংক জনতা ব্যাংক পিএলসি. প্রান্তিক জনপদে প্রথম উপশাখা উদ্বোধনের মধ্য দিয়ে ব্যাংকিং সেবা পরিসর বিস্তৃত করল।




রিসার্চ, প্ল্যানিং অ্যান্ড স্ট্যাটিসটিকস ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ৪৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০,
ফোন: +৮৮-০২-৪১০৭১০২২, ফ্যাক্স: +৮৮-০২-২২৩৩৮৪৬৪৪, ইমেইল: rps@janatabank-bd.com, ওয়েবসাইট: www.jb.com.bd কর্তৃক প্রকাশিত
এবং অলিম্পিক প্রোডাক্টস প্রিন্টিং এন্ড প্যাকেজিং, ১৬৫ আরামবাগ, মতিঝিল, ঢাকা, ফোন: +৮৮ ০১৮১৯ ২২৬৮৫৩ ইমেইল: olympicproduct@gmail.com হতে মুদ্রিত

আলোকচিত্রী
মোঃ আব্দুল ফাত্তাহ